অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/7/2022 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল MTA সাবওয়ে স্টেশনে চারটি নতুন কোভিড-19 পরীক্ষার সাইটের ঘোষণা করেছেন

সাইটগুলি কোভিডের শীতকালীন বৃদ্ধির বিরুদ্ধে লড়াই করার চলমান প্রচেষ্টার অংশ

জানুয়ারি 11 থেকে শুরু করে ওয়াক-ইন পরীক্ষা উপলব্ধ হবে 125তম স্ট্রিট (A/B/C/D লাইনে) এবং বেডফোর্ড পার্কে (B/D Lines)

জানুয়ারি 12 তারিখ থেকে শুরু করে উপলব্ধ হবে কুইন্স প্লাজা এবং কনি আইল্যান্ড স্টিলওয়েলে

ডিসেম্বর থেকে ইতিমধ্যেই পরীক্ষা উপলব্ধ সাতটি সাবওয়ে স্টেশনে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে আগামী সপ্তাহ থেকে শুরু করে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটির (Metropolitan Transportation Authority) সাবওয়ে স্টেশনে চারটি নতুন সাইটে কোভিড-19 পরীক্ষা উপলব্ধ হবে। এই অতিরিক্ত পরীক্ষার সুযোগগুলি সেই সাতটি সাবওয়ে স্টেশনের পদক্ষেপ অনুসরণ করে যেগুলি ইতিমধ্যেই ওয়াক-ইন পরীক্ষা প্রদান করে।

"আমরা আমাদের কাছে উপলব্ধ প্রতিটি সরঞ্জাম দিয়ে শীতকালীন বৃদ্ধির বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছি, এবং পরীক্ষা করানোর ব্যবস্থা ব্যাপকভাবে উপলব্ধ রয়েছে তা নিশ্চিত করা এখনও আমাদের কৌশলের একটি মূল অংশ," **গভর্নর হোচুল বলেন।** "যখন আমরা নিউ ইয়র্কবাসীদের কাজে ফিরে আসার জন্য মনে করিয়ে দিই, আমরা চাই আপনি জানুন যে পাতাল সাবওয়েগুলি নিরাপদ, এবং বহু স্টেশনে পরীক্ষা সহজেই উপলব্ধ। এটি সহজ এবং দ্রুত, তাই আপনি এবং আপনার প্রিয়জনরা নিরাপদ আছেন তা নিশ্চিত করতে বেরিয়ে আসুন এবং এই সহজ উপায়ের সুবিধা নিন।"

ওয়াক-ইন PCR পরীক্ষা এই স্থানগুলিতে প্রদান করা হবে:

মঙ্গলবার, 11 জানুয়ারি থেকে শুরু

- ম্যানহাটান: 125তম স্ট্রিট স্টেশনে (A/B/C/D লাইনগুলি) সোমবার থেকে শুক্রবার, সকাল 8:00 থেকে দুপুর 2:00

- দ্য ব্রঙ্কস: বেডফোর্ড পার্ক স্টেশনে (B/D লাইনগুলি) সোমবার থেকে শুক্রবার, সকাল 8:00 থেকে দুপুর 2:00

বুধবার, 12 জানুয়ারি থেকে শুরু
- কুইন্স: কুইন্স প্লাজা স্টেশনে (E/M/R লাইনগুলি) সোমবার থেকে শুক্রবার, দুপুর 3:00 থেকে রাত 8:00
- ব্রুকলিন: কনি আইল্যান্ড স্টেশনে (D/F/N/Q লাইনগুলি) সোমবার থেকে শুক্রবার, সকাল 8:00 থেকে দুপুর 2:00

ওয়াক-ইন PCR পরীক্ষা বর্তমানে এই স্থানগুলিতে প্রদান করা হয়:
- টাইমস স্কোয়ার-42তম স্ট্রিট (ম্যানহ্যাটান) সোমবার থেকে রবিবার, সকাল 8:00 থেকে দুপুর 2:00
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল (ম্যানহ্যাটান) সোমবার থেকে রবিবার, দুপুর 3:00 থেকে রাত 8:00
- পেন স্টেশন (ম্যানহ্যাটান) সোমবার থেকে রবিবার, দুপুর 3:00 থেকে রাত 8:00
- ব্রডওয়ে জংশন (ব্রুকলিন) সোমবার থেকে শুক্রবার, সকাল 8:00 থেকে দুপুর 2:00
- ই. 180তম স্ট্রিট (ব্রঙ্কস) সোমবার থেকে শুক্রবার, সকাল 8:00 থেকে দুপুর 2:00
- রুজভেল্ট অ্যাভিনিউ (কুইন্স) সোমবার থেকে শুক্রবার, সকাল 8:00 থেকে দুপুর 2:00
- জামাইকা-179তম স্ট্রিট (কুইন্স) সোমবার থেকে শুক্রবার, দুপুর 2:00 থেকে সন্ধ্যা 7:00

রিপ্রেজেন্টেটিভ হাকিম জেফ্রিস বলেন, "মহামারী আমাদের কারো জন্য শেষ হবে না যতক্ষণ পর্যন্ত না এটি আমাদের সকলের জন্য শেষ হচ্ছে। আমাদের শহর এবং রাজ্য জুড়ে শীতকালীন বৃদ্ধি হওয়ার সাথে সর্বোত্তম প্রতিরক্ষার একটি হবে একটি শক্তিশালী পরীক্ষার প্রোগ্রাম যা প্রয়োজনে প্রতিটি সম্প্রদায়ের কাছে অ্যাক্সেসযোগ্য। কনি আইল্যান্ড-স্টিলওয়েল অ্যাভিনিউ স্টেশনে ওয়াক-আপ টেস্টিং উপলব্ধ করার জন্য আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই।"

প্রতিনিধি আদ্রিয়ানো এসপাইল্লাট বলেছেন, "বিনামূল্যে, অ্যাক্সেসযোগ্য এবং নির্ভরযোগ্য পরীক্ষার অ্যাক্সেস হল কোভিড-19 মহামারীর অবশিষ্টাংশের মধ্য দিয়ে কীভাবে আমরা অতিক্রম করি তার মূল ভিত্তি এবং এটি নিউ ইয়র্ক সিটিকে নিজের বাড়ি বলে ডাকেন এমন প্রত্যেক একক ব্যক্তির প্রাপ্য। নিউ ইয়র্কের 13তম কংগ্রেসনাল ডিস্ট্রিক্টের বাসিন্দারা নিজেদের এবং তাদের পরিবারকে রক্ষা করতে পারে তা নিশ্চিত করতে এবং SOMOS এবং মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটির (Metropolitan Transportation Authority, MTA) সহযোগিতায় এই দুটি অতিরিক্ত টেস্টিং সাইট খুলতে আমার সাথে আন্তরিকভাবে কাজ করার জন্য সাধুবাদ জানাতে আমি গভর্নর হোচুলের প্রশংসা করি। এক সাথে, আমাদের প্রচেষ্টাগুলির মাধ্যমে সহযোগিতামূলকভাবে কাজ করে, আমরা একে অপরকে উন্নীত করে এবং আমাদের নির্বাচকদের তাদের প্রয়োজনীয় সংস্থান পাওয়ার মাধ্যমে গত দুই বছরের মতো এই বৃদ্ধিকে অতিক্রম করব।"

প্রতিনিধি ক্যারোলিন ম্যালোনি বলেন, "কোভিড-19 পরীক্ষাকরণে অ্যাক্সেস আমাদের রাজ্যের মহামারীর বিরুদ্ধে লড়াইয়ের একটি গুরুত্বপূর্ণ অংশ হয়ে চলেছে বিশেষ করে ওমিক্রন বৈকল্পিকের চরম সংক্রমণযোগ্যতার সাথে। আমি শহরের চারপাশে পরীক্ষাকরণের সাইটগুলি বাড়াতে গভর্নরের প্রচেষ্টাকে সাধুবাদ জানাই এবং সপ্তাহের দিন সন্ধ্যায় যাতায়াতের সময় কুইন্স প্লাজা স্টেশনে এই নতুন পপ-আপ পরীক্ষাকরণের স্টপের জন্য কৃতজ্ঞ।"

রাজ্য সিনেটর মাইকেল জিয়ানারিস বলেছেন, "ওমিক্রন ভেরিয়েন্টের দ্রুত বিস্তার কোভিড পরীক্ষাকরণের জন্য বিশাল নতুন চাহিদা তৈরি করেছে। আমি পশ্চিম কুইন্সে পরীক্ষাকরণের ক্ষমতা বাড়ানোর জন্য কাজ করছি এবং এটি আনন্দদায়ক খবর। আমি আনন্দিত যে রাজ্য এগিয়ে যাচ্ছে এবং আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই। প্রত্যেকের সহজেই নিয়মিত পরীক্ষা করা যায় তা নিশ্চিত করার মাধ্যমে আমরা কোভিড-19 এর বিস্তার রোধ করতে পারি।"

স্টেট সিনেটর আলেসান্দ্রা বিয়াগি বলেছেন, "ব্রঙ্কস শহরের মধ্যে সবচেয়ে বেশি কোভিড-19 পজিটিভিটির হার অনুভব করছে, এবং ফোর্ডহ্যাম এলাকায় ইতিবাচকতার হার 47%-এর বেশি। ব্রঙ্কসবাসীদের নিরাপত্তার জন্য এবং বর্তমান কোভিড-19 এর বৃদ্ধি প্রশমিত করার জন্য বরো জুড়ে টিকার সাইটগুলি প্রসারিত করা অপরিহার্য। আমি গভর্নর ক্যাথি হোচুল এবং তার সম্পূর্ণ দলটিকে ধন্যবাদ জানতে চাই বেডফোর্ড পার্ক স্টেশনে একটি অতি প্রয়োজনীয় পরীক্ষার সাইট প্রাপ্ত করার জন্য, এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য কোভিড-19 পরীক্ষা প্রসারিত করার প্রতি তাদের স্থির অঙ্গীকারবদ্ধতার জন্য।"

রাজ্যের সিনেটর জামাল বেইলি বলেন, "যখন আমরা কেসের সংখ্যা বেড়ে ওঠার বিরুদ্ধে লড়াই করার জন্য কাজ করছি, আমাদের সেই সব কিছু করতে হবে আমাদের সম্প্রদায়গুলিতে জরুরী পরীক্ষার সংস্থান বৃদ্ধি করার জন্য, বিশেষ করে যারা সব চেয়ে বেশি পরিভাবিত হয়েছেন এই মহামারীর দ্বারা। আমাদের সাবওয়ে স্টেশনগুলিতে আর ওয়াক-ইন পরীক্ষার সাইটের প্রসারণ, ব্রঙ্কসের বেডফোর্ড পার্ক সহ, আমাদের বাসিন্দাদের জন্য পরীক্ষা করানো আর বেশি সুগম এবং সুবিধাজনক করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ হবে। গভর্নর হোচুল আপনাকে ধন্যবাদ পরীক্ষা করার ক্ষমতা বৃদ্ধি করার জন্য এবং নিউ ইয়র্কবাসীদের কাছে নিজেদের এবং প্রিয়জনদের সুরক্ষিত করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম আছে তা নিশ্চিত করার উদ্দেশ্যে দ্রুত কাজ করার জন্য।"

সেনেটর ডায়ান স্যাভিনো বলেন, "আপনার অব্যাহত নেতৃত্ব এবং দক্ষিণ ব্রুকলিনের মানুষদের জন্য পরীক্ষা করানোর ক্ষেত্রে ব্যবধান হ্রাস করার উদ্দেশ্যে সহায়তার জন্য আপনাকে ধন্যবাদ গভর্নর হোচুল। কনি আইল্যান্ডের পশ্চিম প্রান্তে এবং সিগেটকে প্রায়শই উপেক্ষা করা হয় এবং এই প্রয়োজনীয় পপ-আপটি বহু মানুষের জন্য বেষ্টনটি সম্পূর্ণ করতে দেবে।"

অ্যাসেম্বলি সদস্য ম্যাথিল্ড ফ্রন্টাস বলেন, "যখন দক্ষিণ ব্রুকলিন উচ্চ কোভিড ইতিবাচকতার হারের সম্মুখীন হয়ে চলেছে, নিয়মিত পরীক্ষা করানোর ব্যবস্থার নাগাল থাকা অপরিহার্য হয়ে পরেছে। দুর্ভাগ্যবশত, বহু নিউ ইয়র্কবাসী দীর্ঘ লাইন এবং অগ্রহণযোগ্য

অপেক্ষা করার সময়ের সম্মুখীন হয়েছেন। আমি অত্যন্ত আনন্দিত যে গভর্নর হোচুল এবং তার দল প্রয়োজনীয় পরীক্ষার সাইটগুলি ব্রুকলিনে নিয়ে আসছেন, ঠিক এখানে কনি আইল্যান্ডে একটি সহ। এটি আমাদের কোভিডের বিরুদ্ধে সম্মিলিত লড়াইকে ভীষণভাবে সাহায্য করবে এবং আমি আবাসিকদের উৎসাহ দিচ্ছি এর সুবিধা নিতে এবং প্রয়োজন মত পরীক্ষা করাতে।"

অ্যাসেম্বলি সদস্য ক্যাথি নোলান বলেন, "এই নতুন পরীক্ষার সাইট প্রদান করার জন্য আপনাকে ধন্যবাদ গভর্নর হোচুল, যা আমাদের পশ্চিম কুইন্স এলাকাগুলিতে উপলব্ধতা বৃদ্ধি করতে সাহায্য করবে। এই অত্যাবশ্যক পরিষেবার অ্যাকসেস বৃদ্ধি করা আমাদের পরিবার ও সম্প্রদায়ের উপর করোনাভাইরাস সংক্রমণের ভার হ্রাস করার ক্ষেত্রে প্রধান ভূমিকা পালন করে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন